দৈনিক ইনকিলাব

তারিখ 04 JAN 1994
পৃষ্ঠা ৫ কলাম ৭

24

## মাদ্রাসা বোর্ড কর্তৃপক্ষ সমীপে

গত কিছুদিন পূর্বে "দৈনিক ইনকিলাব" পত্রিকায় মাদ্রাসা বোর্ডের দেয়া একটি 'ঘোষণা দেখতে পেলাম, তাতে লেখা ছিল '৯৪ সালের "দাখিল" পরীক্ষার্থীদের জন্য গণিত ছাড়া প্রত্যেক বিষয়ে ত্রিশ নম্বরের সংক্ষিপ্ত প্রশ্নোত্তর থাকবে। এই ঘোষণা দেখার পর কয়েক বার লাইব্রেরীতে সংক্ষিপ্ত প্রশ্নোত্তর গাইড বইটি খোঁজ করেছি। কিন্তু কোন লাইব্রেরীতে এই বইটি পাইনি। তাই মাদ্রাসা বোর্ড কর্তৃপক্ষের প্রতি আবেদন, আসলে কি '৯৪ সালের দাখিল পরীক্ষার্থীদের জন্য এই পদ্ধতি না-কি '৯৪ সালের যারা নবম শ্রেণীতে উঠবে, তাদের জন্য এই পদ্ধতি। দয়া করে আর একটি ঘোষণার মাধ্যমে জানিয়ে আমার মত হাজারো ছাত্রের হতাশা লাঘব করার জন্য আবেদন করছি।'

—মুঃ মোরশেদ উদ্দিন চৌধুরী,
দাখিল পরীক্ষার্থী '৯৪,
কাট্টলী জাঃ উলুম সিঃ মাদ্রাসা,
উত্তর কাট্টলী, চট্টগ্রাম।